# সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর

## একাদশ শ্রেণির অর্ধ-বার্ষিক পরীক্ষা ২০২১

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র বিষয় কোডঃ ২৯২

সময়- ২ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমান-৭০

দ্রষ্টব্যঃ ডান পাশের সংখ্যা পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোন সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১) জনাব আসলাম একজন ব্যবসায়ী। তার বিনিয়োগ উপদেষ্টা অল্প পরিমান মূলধন একাদিক প্রকল্পে বিনিয়োগ করার পরামর্শ দিয়েছিলেন। কিন্তু তিনি একটি ব্যবসায় তার সমুদয় মূলধন বিনিয়োগ করে ক্ষতিগ্রস্থ হলেন।

ক। অর্থায়ন কাকে বলে?

খ। মুনাফা সর্বাধিকীকরণ বলতে কি বুঝ?

গ। জনাব আসলাম কোন নীতি অনুসরণ না করায় ক্ষতিগ্রস্থ হয়েছে তা ব্যাখ্যা কর।

ঘ। উদ্দীপকে উল্লিখিত বিনিয়োগ নীতির যৌক্তিকতা বিশ্লেষন কর।

২) একটি ব্যাংক তার মুনাফার সমুদয় অর্থ শেয়ারে বিনিয়োগ করেছে। তারল্যর অভাবের ফলে চেকের বিপরীতে বাহকের অর্থ পরিশোধ করতে পারছে না। কিন্তু ব্যাংকটি ছাত্রদের বৃত্তি প্রদান ও বনায়ন কার্যক্রম পরিচালনা করার জন্য সরকার হতে পদক পেয়েছে।

ক। অর্থায়নের মৌলিক কাজ কি?

খ। মুনাফা অর্জনের জন্য উপযুক্ততার নীতি কিভাবে প্রভাব ফেলে?

গ। উদ্দিপকের আলোকে ব্যাংকটি কোন ধরনের দায়িত্ব পালনে সক্ষম ব্যাখ্যা কর।

ঘ। অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এড়ানোর জন্য ব্যাংকের কি ব্যবস্থা গ্রহন করা উচিত ছিল, বিশ্লেষন কর।

৩) বাংলাদেশ ব্যাংক বাংলাদেশে দক্ষ ব্যাংকিং গড়ে তোলার জন্য সরকারের প্রতিনিধি হিসেবে কাজ করে। মুদ্রানীতি প্রণয়ন ও সরকারের উপদেষ্টা হিসেবে কাজের পাশাপাশি দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ন সিদ্ধান্ত গ্রহন করে থাকে। অন্যদিকে দেশের পূজিবাজার নিয়ন্ত্রণ করে BSEC.

ক) BSEC এর পূর্নরুপ কি?

খ) মূলধন বাজার বলতে কি বুঝায়?

গ) আর্থিক বাজার নিয়ন্ত্রণে BSEC এর ভূমিকা ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের আলোকে দেশের অর্থনৈতিক উন্নয়নে বাংলাদেশ ব্যাংকের গৃহীত কার্যক্রম বিশ্লেষন কর।

৪) দিপু আজ একটি মেশিন ক্রয় করতে চায় যার বর্তমান মূল্য ৫০,০০০ টাকা । মেশিনটি আগামী চার বছর ব্যবহার করা যাবে, চার বছর পর ভগ্নাবশেষ মূল্য ৮,০০০ টাকা এবং বার্ষিক বাট্টার হার ১০%।

১ম বছর নগদ আন্ত-প্রবাহ ৮,০০০ টাকা ২য় বছর ১৭,০০০ টাকা ৩য় বছর ১৫,০০০ টাকা এবং ৪র্থ বছর ২০,০০০ টাকা।

ক) $PV_A$ এর অর্থ কি?

খ) বাট্টাকরন বলতে কি বুঝায়?

গ) উদ্দিপকের আলোকে আন্তপ্রবাহের বর্তমান মূল্য নির্ণয় কর।

ঘ) মেশিনটি ক্রয় করা লাভজনক হবে কি না তোমার মতামত উপস্থাপন কর।

৫) জনাব এ এম মতিন সাহেব সিদ্ধান্ত নিলেন তার মেয়ের ২৫ তম জন্মদিনে কিছু টাকা উপহার দিবেন। আজ থেকে ৮ বছর পর তার মেয়ের ২৫তম জন্মদিন হবে। তিনি প্রতি বছর কিছু পরিমান করে টাকা ব্যাংকে জমা রাখতে শুরু করলেন।

ক) বার্ষিক বৃত্তি কি?

খ) “সুদের হার অর্থকে তার সময়মূল্য দেয়” ব্যাখ্যা কর।

গ) ৯% সুদের হারে ১,০০,০০০ টাকা বর্তমানে ব্যংকে রাখলে কত টাকা উপহার দিতে পারবেন।

ঘ) প্রতিবছর শেষে ১০,০০০ টাকা করে জমা রাখলে উপহার কত টাকা হবে যদি সুদ হার ১০% হয়।

৬) আর এফ এল কোম্পানির পরিচালকগণ তাদের পণ্যমূল্য ১০% কমানোর চিন্তা করছেন। তাদের ধারণা পণ্যমূল্য হ্রাস করলে বিক্রয় বৃদ্ধি পাবে। তাদের স্থির ব্যয় ও পরিবর্তনশীল ব্যয় হ্রাস না পেলেও বিক্রয় বৃদ্ধির মাধ্যমে মুনাফা বৃদ্ধি করার পরিকল্পনা করেছেন। কোম্পানির বর্তমান বিক্রয় (২০,০০০ একক ৪০ টাকা প্রতি একক) ৪,০০,০০০ টাকা, স্থির ব্যয় ৫০,০০০ টাকা এবং একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ১২ টাকা।

ক) নিরাপত্তা প্রান্ত কী?

খ) অভ্যন্তরীণ বিশ্লেষন বলতে কি বুঝ?

গ) আর এফ এল কোম্পানির বর্তমান মুনাফা কত?

ঘ) উদ্দীপকের আলোকে পণ্যমূল্য কমিয়ে বিক্রয় বৃদ্ধির মাধ্যমে মুনাফা বৃদ্ধির সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষন কর।

**৭)** আলীবাবা কোম্পানি বাচ্চাদের জন্য খেলনা তৈরি করে। তাদের উৎপাদন ক্ষমতা বার্ষিক ২০,০০০ খেলনা। প্রতিটি খেলনার বিক্রয় মূল্য ৫০ টাকা। তাদের উৎপাদন ব্যয় নিম্নরূপ

| বিবরন | প্রতিটি খেলনার পরিবর্তনশীল ব্যয় | স্থির ব্যয় |
|---|---|---|
| কাঁচামাল | ১০.২০ | - |
| মজুরি | ৮.৮০ | - |
| কারখানা উপরিব্যয় | ৪.০০ | ৫,০০০ টাকা |
| প্রশাসনিক ব্যয় | ২.০০ | ১০,০০০ টাকা |
| মোট | ২৫ টাকা | ১৫,০০০ টাকা |

ক) পরিবর্তনশীল ব্যয় কী?

খ) পরিবর্তনশীল ব্যয় একক প্রতি স্থির, স্থির ব্যয় একক প্রতি পরিবর্তনশীল উক্তিটি ব্যাখ্যা কর।

গ) উদ্দীপকের তথ্যর আলোকে ব্রেক ইভেন পয়েন্ট নির্ণয় কর।

ঘ) উদ্দীপকের অন্যান্য পরিবর্তিত না হলে যদি বিক্রয় মূল্য ৫৫ টাকা হয় তবে সমচ্ছেদ বিন্দুর উপর কি প্রভাব পড়বে বিশ্লেষন কর।

৮) পদ্মা সেতু নির্মান করার জন্য তমা কোম্পানি সরকারের সাথে চুক্তি করে। ফলে তাদের স্বল্প মেয়াদি মুনাফা কম হলেও অধিক নিশ্চয়তার জন্য দীর্ঘমেয়াদে শেয়ার মূল্য বৃদ্ধি পায়। অন্যদিকে ইসরো কোম্পানি রাবার চাষের জন্য সরকারের নিকট হতে জমি লিজ নেয়। পাহাড়ি মানুষ এই রাবার চাষে যুক্ত হয়ে তাদের জীবিকা নির্বাহ করছে। এই সাথে পাহাড়ে স্কুল ও স্বাস্থ্য কেন্দ্র স্থাপন করে বিনামূল্যে সেবা দিচ্ছে। এই সেবার কারনে ব্যয় বাড়লেও দীর্ঘমেয়াদে সুবিধা পাওয়া যাবে।

ক) কোম্পানির স্বার্থ সংশ্লিষ্ট পক্ষ কাকে বলে?

খ) ফার্মের চুড়ান্ত লক্ষ্য কী?

গ) সম্পদ সর্বাদিকরন কেন কোম্পানির লক্ষ্য হওয়া উচিত-ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকে ইসরো কোম্পানির গৃহীত পদক্ষেপ সামাজিক দায়বদ্ধতার আলোকে কতটুকু যৌক্তিক? বিশ্লেষন কর।

৯) মেসার্স তমিজ এন্ড সন্স মধ্যম শ্রেণির ব্যবসায়ী। তার ব্যবসায় সম্প্রসারন করার জন্য ২৫ লক্ষ টাকা প্রয়োজন। সে এমন উৎস হতে মূলধন সংগ্রহ করতে চাচ্ছে যেখান থেকে অর্থ সংগ্রহে কর সুবিধা পাওয়া যাবে এবং কোম্পানির শেয়ার হোল্ডারও বৃদ্ধি পাবে না।

ক) স্থায়ী মূলধনের উৎস কয়টি?

খ) ব্যবসায় সম্প্রসারণে যে ধরনের মূলধনের কথা বলা হয়েছে ব্যাখ্যা কর।

গ) উদ্দীপকে কোন ধরনের মূলধন সংগ্রহের কথা বলা হয়েছে তার যৌক্তিকতা ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের মূলধন সংগ্রহ করার জন্য ব্যবসায়ের ব্যবস্থাপককে কি কি সিদ্ধান্ত গ্রহণ করতে হয়- ব্যাখ্যা কর।

১০) জহির সাহেব বিদেশ থেকে পণ্য আমদানি -রপ্তানির ব্যবসা করেন। পণ্য ক্রয়ের অর্থ ব্যাংকের মাধ্যমে পরিশোধ না করে হুন্ডির মাধ্যমে অর্থ পরিশোধ করেন। হুন্ডির মাধ্যমে অর্থ পরিশোধের কারনে দুদক জহির সাহেবের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেন।

ক) কল মানি রেট কী?

খ) এল সি কেন করা হয় বর্ণনা কর?

গ) উদ্দীপকে হুন্ডির মাধ্যমে অর্থ পরিশোধে কোন আইন লংগন হয়েছে, ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকে যে আইন লংগিত হয়েছে সে কারনে প্রচলিত আইনে প্রতিষ্ঠানটি কি শাস্তি পাবে, বিশ্লেষন কর।

১১) আবির নতুন বিনিয়োগকারী ,লোকমুখে শেয়ার ব্যবসায় অনেক লাভ শুনে ঢাকা স্টক এক্সচেঞ্জ এর মাধ্যমে শেয়ারের অঙ্কিত মূল্যর চেয়ে বেশি দামে বেক্সিমকো কোং এর শেয়ার ক্রয় করেন। আবির শেয়ার ক্রয়ের মাধ্যমে কোম্পানির মালিকানা দাবি করতে পারেন।

ক) শেয়ার কী?

খ) লেনদেন এর ভিত্তিতে শেয়ার বাজার কে কত কিভাবে ভাগ করবে?

গ) উদ্দীপকে আবিরের ক্রয়কৃত শেয়ার কোন বাজারের অন্তরগর্ত ? ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের আলোকে আবিরের ক্রয়কৃত শেয়ার বিনিয়োগকারীর দৃষ্টিকোন হতে অধিক ঝুঁকিপূর্ন -ব্যাখ্যা কর।